

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।



স্মারক নং : ৪/এস/৩৭/১১২৮

তারিখ : ১৬/১২/২০১১

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক,
মাধপুর শেখ হাসিনা উচ্চ বিদ্যালয়
ডাকঘর : শোলাবাড়ীয়া, উপজেলা : সাঁথিয়া, জেলা : পাবনা।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ ১১/৬-৮৭/২০১১/২২ তারিখ : ২৫/০১/২০১১ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করায় আপনার বিদ্যালয়ে ০১/০১/২০১০ ইং তারিখ হতে ৩১/১২/২০১২ ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য বিজ্ঞান ও কৃষি শিক্ষা সহ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

মাধ্যমিক পর্যায়ে পঠিত বিভাগ ও বিষয় সমূহ :

আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী, গণিত, ধর্ম শিক্ষা, সামাজিক বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান।

নৈর্ব্যচনিক বিষয় সমূহ : মানবিক : ইতিহাস, ভূগোল, অর্থনীতি/পৌরনীতি।

বিজ্ঞান : পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান/উচ্চতর গণিত।

ঐচ্ছিক বিষয় : কৃষি শিক্ষা।

শর্তসমূহ :

- ১। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ২। ২৩/০৪/১৯৯৭ তারিখের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৩। ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের বিধি মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করে বোর্ডে দাখিল করতে হবে।
- ৪। নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের জন্য অত্র বোর্ডের বিদ্যালয় নিবন্ধন শাখায় যোগাযোগ করতে হবে।
- ৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ৬। বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
- ৭। বিদ্যালয়টির সীমানা প্রাচীর দিতে হবে।

বিঃদ্রঃ- অত্র বোর্ডের স্মারক নং- ৪/এস/৩৭/১১২৮ তাং- ১৩/০২/২০১১ ইং এর মাধ্যমে মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান পত্রটি ভুল বশতঃ বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর বিহীন প্রেরণ করায় তা পুনরায় স্বাক্ষর করতঃ স্বাক্ষরিত কপি প্রেরণ করা হ'ল।

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

স্মারক নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

- ১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, পাবনা।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৭। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী শিক্ষা বোর্ড।
- ৯। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) রাজশাহী শিক্ষা বোর্ড।
- ১০। সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা বিদ্যালয় নিবন্ধন শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড।
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা পত্র গ্রহণ শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।